Inamul Haq Khan
Senior Vice-President

BGMEA

বিজিএ/মেম্বারশীপ/২০২৫/২৭১

তারিখঃ ১৮ নভেম্বর ২০২৫

সম্মানিত সদস্য ও সহকর্মীবৃন্দ,

বিষয়ঃ বিজিএমইএ'র মেম্বারশীপ ফাইল Membership Management System (MMS) Online পোর্টালে আপলোড করণ প্রসঙ্গে।

প্রিয় সহকর্মী,

আস্সালামু আলাইকুম।

আপনারা জেনে খুশি হবেন যে, বিজিএমইএ'তে Membership Management System (MMS) Online-এ চালু করা হয়েছে। ইতিমধ্যে অনেক প্রতিষ্ঠান তাদের মেম্বারশীপ ফাইল আপলোড করেছে। এ সংক্রান্ত বিষয়ে বিজ্ঞপ্তির মাধ্যমে বিজিএমইএ'র সকল সদস্যগণকে একাধিকবার অনুরোধ করা হলেও অদ্যবধি আশানুরূপ আগ্রহ পরিলক্ষিত হচ্ছে না (পূর্বের বিজ্ঞপ্তির তারিখ-বিজিএ/মেম্বারশীপ/২০২২/৬৬ তারিখঃ ২৩ এপ্রিল ২০২২, বিজিএ/মেম্বারশীপ/২০২২/১০৬ তারিখঃ ০১ জুন ২০২২, বিজিএ/মেম্বারশীপ/২০২২/১৬১ তারিখঃ ২৫ জুলাই ২০২২, বিজিএ/মেম্বারশীপ/২০২৩/১৪৭ তারিখঃ ১৮ জুন ২০২৩, এবং বিজিএ/মেম্বারশীপ/২০২৫/১৫৩ তারিখঃ ৪ আগস্ট ২০২৫।

এমতাবস্থায়, বিজিএমইএ হতে প্রদত্ত সকল সেবা কার্যক্রম চলমান রাখার স্বার্থে যে সকল প্রতিষ্ঠান এখনো MMS Online Platform- এ  মেম্বারশীপ ফাইল আপডেট করেননি তাদের আগামী ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে MMS Online Platform- এ তথ্যাদি ও প্রয়োজনীয় কাগজপত্র upload করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি। উক্ত সময়ের মধ্যে বিজিএমইএ'র মেম্বারশীপ ফাইল আপলোড করা না হলে UD সেবাসহ অন্যান্য সেবা বন্ধ করে দেয়া হতে পারে। এছাড়াও আগামী বছর (২০২৬) অনলাইন আপলোড ব্যতীত বিজিএমইএ'র মেম্বারশীপ নবায়ন করা হবে না।

অতএব, আগামী ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে MMS Online Platform- এ তথ্যাদি ও প্রয়োজনীয় কাগজপত্র upload করার জন্য এটাই শেষ সময়, বর্ণিত সময়ের মধ্যে প্রয়োজনীয় তথ্যাদি ও কাগজপত্র upload করার জন্য সবিনয় অনুরোধ করা হলো।

এ বিষয়ে প্রয়োজনে বিজিএমইএ'র হট লাইনঃ ০৯৬৩৮০১২৩৪৫ অথবা ০১৭৩০৪৪২২১১(এক্সঃ-৪০১ ও ২৪১), সিস্টেম সাপোর্টঃ ০১৮৪৪৫২৭১৬৩ এ যোগাযোগ করা যেতে পারে।

ধন্যবাদান্তে,

১৮/১১/২৫

ইনামুল হক খান
সিঃ সহ-সভাপতি